

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৭৫৭

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৭. তৃতীয় অনুচ্ছেদ - মৃত ব্যক্তির জন্য কাঁদা

আরবী

وَعَنْ عَلِيّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِن السِّقْطَ لَيُرَاغِمُ رَبَّهُ إِذَا أَدْخَلَ أَبُوَيْهِ النَّارَ فَيُقَالُ: أَيُّهَا السِّقْطُ الْمُرَاغِمُ رَبَّهُ أَدْخِلْ أَبُوَيْكَ الْجَنَّةَ فَيَجُرُّهُمَا بِسَرَرِهِ حَتَّى يُدْخِلَهُمَا الْجَنَّةَ . رَوَاهُ ابْن مَاجَه

বাংলা

১৭৫৭-[৩৬] 'আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ গর্ভপাতে নষ্ট হওয়া সন্তানও তার পিতা-মাতাকে জাহান্নামে প্রবেশ করানোর সময় তার 'রবের' সাথে বিতর্ক করবে। এর ফলে তখন বলা হবে, হে গর্ভপাতে নষ্ট হওয়া সন্তান! তোমার মাতা-পিতাকে জান্নাতে নিয়ে যাও। তখন সে অপূর্ণাঙ্গ সন্তান তার মাতা-পিতাকে নিজের নাড়ী দিয়ে টেনে জান্নাতে নিয়ে যাবে। (ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] য'ঈফ: ইবনু মাজাহ্ ১৬০৮, ইবনু আবী শায়বাহ্ ১১৮৮৭, য'ঈফ আল জামি' আস্ সগীর ১৪৬৭। কারণ এর সানাদে মানদিল ইবনু 'আলী সর্বসম্মতক্রমে একজন দুর্বল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসে গর্ভপাতজনিত কারণে পড়ে যাওয়া সন্তান প্রসঙ্গে আলোচনা করা হয়েছে। যে সকল সন্তান গর্ভপাতজনিত কারণে মারা যায় তারা তাদের পিতা-মাতার জন্য স্বীয় রবের সাথে বাদানুবাদে জড়িয়ে পড়বে। বাদানুবাদ করার দ্বারা উদ্দেশ্য হল যে, তারা তাদের জন্য আল্লাহর কাছে সুপারিশ করবে এবং তাদেরকে জান্নাতে নেয়ার জন্য আপ্রাণ চেষ্টা করবে। অতঃপর তাদের সুপারিশ গ্রহণ করা হবে। আর আল্লাহ বলবেন, হে বাদানুবাদকারী! তুমি তোমার পিতামাতাকে জান্নাতে প্রবেশ করাও। অতঃপর সে তার পিতা-মাতাকে জান্নাতে প্রবেশ করানো পর্যন্ত টানতে থাকরে।

শিক্ষাঃ যদি কোন পিতা-মাতার কোন সন্তান গর্ভপাতজনিত কারণে পড়ে যায়, তাহলে তারা যেন নিরাশ না হয়।



বরং এর উপর ধৈর্যধারণ করে। তাহলে আল্লাহ তা'আলা তাদেরকে এর মহান পুরস্কার দান করবেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন